# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৭৩

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৩. যাতে উযু নষ্ট হয় এবং (স্ত্রীকে) স্পর্শ করা ও চুমা দেয়া

بَابُ صِفَةِ مَا يَنْقُضُ الْوُضُوءَ ، وَمَا رُوِيَ فِي الْمُلَامَسَةِ وَالْقُبْلَةِ

আরবী

حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ الْعَبَّاسِ بْنِ الْمُغِيرَةِ الْجَوْهَرِيُّ ، نَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ لُؤْلُؤٌ ، نَا حَمَّادُ بْنُ خَالِدٍ الْخَيَّاطُ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ ، عَنِ الْقَاسِمِ ، عَنْ عَائِشَةَ ، قَالَتْ : سُئِلَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ عَنِ الرَّجُلِ يَجِدُ بَلَلًا وَلَا يَذْكُرُ احْتِلَامًا ؟ قَالَ : " يَغْتَسِلُ " . وَعَنِ الرَّجُلِ يَرَى أَنْ قَدِ احْتَلَمَ وَلَا يَجِدُ بَلَلًا ؟ قَالَ : " لَا غُسْلَ عَلَيْهِ " . فَقَالَتْ أُمُّ سُلَيْمٍ : أَعَلَى الْمَرْأَةِ تَرَى ذَلِكَ غُسْلٌ ؟ قَالَ : " نَعَمْ ؛ إِنَّ النِّسَاءَ شَقَائِقُ الرِّجَالِ

বাংলা

৪৭৩(২). আল-আব্বাস ইবনুল আব্বাস ইবনুল মুগীরা আল-জাওহারী (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এক ব্যক্তি সম্পর্কে জিজ্ঞেস করা হলো, সে ঘুম থেকে জেগে (পরিধেয় বস্ত্র) ভিজা দেখতে পাচ্ছে, কিন্তু তার স্বপ্নদোষ হয়েছে কিনা তা স্মরণ করতে পারছে না। তিনি বললেনঃ সে গোসল করবে। তাঁর নিকট অপর ব্যক্তি সম্পর্কে জিজ্ঞেস করা হলো, সে স্বপ্নে দেখেছে যে, তার স্বপ্নদোষ হয়েছে কিন্তু ভিজা (বীর্যপাতের আলামত) দেখতে পাচ্ছে না। তিনি বললেনঃ তাকে গোসল করতে হবে না। উম্মে সুলায়ম (রাঃ) বললেন, কোন স্ত্রীলোক যদি এরূপ দেখতে পায় (স্বপ্নদোষ হয়) তবে তাকে কি গোসল করতে হবে? তিনি বললেনঃ হ্যাঁ, পুরুষেরা স্ত্রীলোকদের মতই।

ফুটনোট

* এই হাদীস ইমাম আহমাদ, আবু দাউদ, তিরমিযী ও ইবনে মাজাহ (রহঃ) বর্ণনা করেছেন। তবে তাতে আছে : স্ত্রীলোকেরা পুরুষদের মতই (অনুবাদক)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80262

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন